গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী কমিশনার (ভূমি), সোনাইমুড়ী, নোয়াখালী

এবং

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১,২০১৯ - জুন ৩০,২০২০

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activites) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value For FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (৪) ভূমি বিরোধ হ্রাস | ৭.০০ | (৪.১) ভূমি বিরোধ নিষ্পত্তি | (৪.১.১) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক মিস কেস নিষ্পত্তিকৃত | % | ২.০০ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | | (৪.১.২) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক মিসকেস নিষ্পত্তিকৃত | % | ৩.০০ | ৩৫ | ৩৫ | ৪০ | ৩২% | ৩০% | ২৮ | ২৭ | ৪০ | ৪৫ |
| | | | (৪.১.৩) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক দেওয়ানী মামলার এস.এফ প্রেরিত | ৭০% | ১.০০ | ৮৫ | ৮৫ | ৯০ | ৮৪ | ৮২ | ৭৯ | ৭৪ | ৮৮ | ৯০ |
| | | | (৪.১.৪) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক দেওয়ানী মামলার এস.এফ প্রেরিত | % | ১.০০ | ৮৫ | ৮৫ | ৯০ | ৮৪ | ৮২ | ৭৯ | ৭৪ | ৮৮ | ৯০ |

# সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১ : রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ :শব্দ সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্হাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩:কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয় বিভাগের উপর নির্ভরশীলতা

# সোনাইমুড়ী উপজেলা ভূমি রাজস্ব প্রশাসনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of The Performance Of Revenue Administration of Sonaimuri Upazilla)

### সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ

সোনাইমুড়ী উপজেলার ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সেবা সহজীকরণের ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উপজেলা ভূমি অফিসের সন ওয়ারি নিষ্পত্তিকৃত নামজারী জমাখারিজ, বিবিধ, রিভিউ, একসনা, ভিপি লীজ নথিসমূহ সুবিন্যস্তভাবে কম্পিউটারাইজড করে রেকর্ডরুমে সংরক্ষণ করা হচ্ছে। যাতে উর্দ্ধতন কর্তৃপক্ষ ও বিজ্ঞ আদালত কর্তৃক চাহিত আপীল বা রিভিশন মামলা সমূহের প্রয়োজনে তলবীয় নথি দ্রুত প্রেরণ এবং জনসাধারণের বিভিন্ন প্রয়োজনে সহিমোহর নকল সরবরাহ ও দুর্দশা অনেকাংশে লাগব হয়েছে। ভূমি অফিসে আগত নাগরিকদের বসার সুবিধার্থে স্টিলের ৫ টি বসার বেঞ্চ তৈরি করা হয়েছে। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট খাস, অর্পিত, পরিত্যক্ত সম্পত্তির ডাটাবেজ তৈরি করা হচ্ছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

উপজেলার ভূমি অফিসের নিজস্ব ভবন না থাকায় এর কার্যক্রম উপজেলা পরিষদ ভবনের কক্ষে পরিচালিত হচ্ছে। অত্র ভূমি অফিসের আওতাধীন ০৯ টি ইউনিয়ন ভূমি অফিসের মধ্যে ০৪ টি অফিসের নিজস্ব অবকাঠামো নেই। বর্তমান ২০১৮-১৯ অর্থ বছরে আমিশাপাড়া ইউনিয়ন ভূমি অফিসের নতুন ভবন নির্মাণের সম্পন্ন হয়েছে। উপজেলা ভূমি অফিসে ২ জন সহকারীর পদ শুন্য। উপজেলা ভূমি অফিসের অর্গানোগ্রামে সার্ভেয়ার এর পদসৃষ্টি না হলেও প্রেষণে- ০১ জন সার্ভেয়ার কর্মরত আছে, যাতে সার্ভেয়ার এর পদ সৃজনের প্রয়োজনীয়তা রয়েছে। ০৯ টি ইউনিয়ন ভূমি অফিসে কম্পিউটার, রাউটার, প্রিন্টার ও মডেম ইত্যাদি সরবরাহ করা হয়েছে। প্রত্যন্ত এলাকায় ই-মিউটেশনের ক্ষেত্রে নেটের স্পিড কম থাকায় সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।

### ভবিষ্যত পরিকল্পনা

তথ্যপ্রযুক্তি নির্ভর স্বচ্ছ, গতিশীল এবং দুর্নীতিমুক্ত ভূমি অফিস গঠনের মাধ্যমে সোনাইমুড়ী উপজেলা ভূমি অফিসকে একটি মডেল ভূমি অফিসে পরিণত করা। এজন্য উপজেলা ভূমি অফিসের স্বতন্ত্র Dynamic এবং Both End Active Website তৈরী করা হবে। এর মাধ্যমে সাধারণ জনগণ অনলাইনে নামজারী জমাখারিজের আবেদন করতে পারবেন এবং নামজারী সম্পুর্ণ প্রক্রিয়াটি অনলাইনে সম্পন্ন করা হবে। এ প্রক্রিয়াটি শুনানীর নোটিশসহ মামলার প্রতিটি স্তরে মোবাইল ফোনে এস এম এস এর মাধ্যমে আবেদনকারীকে যাবতীয় তথ্য জানিয়ে দেবা যাবে। পাশাপাশি আবেদনকারীও ওয়েবসাইট এর মাধ্যমে যে কোন তথ্য সংগ্রহ করতে পারবেন। এতে করে জনগণকে দালালের প্রভাবমুক্ত সেবা প্রদান করা নিশ্চিত হবে। কর্মকর্তা কর্মচারীদের নিয়মিত হাজিরা নিশ্চিত করার জন্য ডিজিটাল এটেন্ডেস পদ্ধতি ব্যবহারের পদক্ষেপ নেয়া হচ্ছে।

### চলমান ২০১৮-১৯ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ভিপি লীজ নথি নবায়ন প্রক্রিয়াটি অনলাইনে সম্পন্ন করার মাধ্যমে সেবা সহজীকরণ করা হবে।
- বিবিধ/ রিভিউ মোকদ্দমার নোটিশ প্রদানসহ এর ব্যবস্থাপনা ডিজিটালাইজড করা হবে
- ০৪ টি ইউনিয়ন ভূমি অফিসের নিজস্ব ভবন নির্মাণসহ ০৫ টিতে প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন্ন করা হবে
- রেকর্ডরুমে সম্প্রসারণ ও আরো আধুনিকায়ন করা হবে
- আনুমানিক দুই কোটি টাকা ভূমি উন্নয়ন কর আদায় করা হবে
- আনুমানিক ৩২০০ টি নামজারী জমাখারিজ মোকদ্দমা নিস্পত্তি করা হবে

# উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকর ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

সহকারী কমিশনার (ভূমি), সোনাইমুড়ী, নোয়াখালী

এবং

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৯ তারিখে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

# সেকশন ১

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দক্ষ, স্বচ্ছ এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দক্ষ, আধুনিক ও টেকসই ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে ভূমি সংক্রান্ত জনবান্ধবসেবা নিশ্চিতকরণ

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Startegic Objective) :

### ১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ভূমি ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি
২. রাজস্ব সংগ্রহ বৃদ্ধি
৩. ভূমিহীন পরিবারের সংখ্যা হ্রাস
৪. ভূমি বিরোধ হ্রাস

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিততথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions):

১. সরকারের ভূমি সংস্কার নীতি বাস্তবায়ন
২. ভূমি রাজস্ব/ভূমি উন্নয়ন করের সঠিক দাবী নির্ধারণ আদায়, কর বহির্ভূত রাজস্ব আদায় এবং ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ
৩. উপজেলা ভূমি রাজস্ব প্রশাসনের অধীন কর্মকর্তা- কর্মচারীদের কার্যক্রম তত্ত্বাবধান
৪. উপজেলা ভূমি রাজস্ব প্রশাসনের ইউনিয়ন পর্যায়ের ভূমি অফিসগুলোর ব্যবস্থাপনা ও তদারকি
৫. নিজ অফিস ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ
৬. খাসজমি ব্যবস্থাপনা
৭. অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা
৮. সায়রাত মহল ব্যবস্থাপনা

আমি, সহকারী কমিশনার (ভূমি), সোনাইমুড়ী, নোয়াখালী অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব

আমি, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সহযোগীতা প্রদান করব

স্বাক্ষরিত :

১৯.৬.১৯

------------------------
সহকারী কমিশনার (ভূমি)
সোনাইমুড়ী, নোয়াখালী

তারিখ

...ইমুড়ী, নোয়াখালী।

১৯/৬/১৯

------------------------
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
নোয়াখালী

তারিখ

মোঃ আব্দুর রউফ মন্ডল
পরিচিতি নং- ১৫৩৬৭
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
নোয়াখালী

## সংযোজনী- ১ শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ০১ | ইউএলএও | ইউনিয়ন ল্যান্ড এ্যাসিসটেন্ট অফিসার/<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা |
| ০২ | ইউএলএসএও | ইউনিয়ন ল্যান্ড সাবএ্যাসিসটেন্ট অফিসার/<br>ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা |
| ০৩ | এসএফ | স্টেটমেন্ট অফ ফ্যাক্ট/<br>দফাওয়ারী জবাব |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activites) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value For FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| উপজেলা প্রশাসকের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ভূমি ব্যবস্থাপনা ও রাজস্ব সংক্রান্ত | ১০ | উপজেরা ভূমি অফিস পরিদর্শন | পরিদর্শনকৃত অফিস | ০৬ | ৩ | ০৬ | ০৬ | ০৬ | | | | | ০৮ | ০৮ |
| | | ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | পরিদর্শনকৃত অফিস | ৪৮ | ৩ | ৪৮ | ৪৮ | ৪৮ | | | | | ৪৮ | ৪৮ |
| | | মাসিক রাজস্ব সভা | অনুষ্ঠিত সভা | ১২ | ২ | ১২ | ১২ | ১২ | | | | | ১২ | ১২ |
| | | ভূমি উন্নয়ন করের দাবী সঠিকভাবে নির্ধারণ | বিগত বছরের আদায় ও চলতি বছরের বকেয়া হার | ১০০ % | ২ | ১০০% | ১০০% | ১০০% | | | | | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activites) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value For FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | (১.৪) মাসিক রাজস্ব সম্মেলন | (১.৪.১) জেলা মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত | সংখ্যা | ১.০০ | | | | | | | | | |
| | | | (১.৪.২) উপজেলা মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত | সংখ্যা | ১.০০ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ০৯ | ০৮ | ১২ | ১২ |
| | | (১.৫) সায়রাত মহল ব্যবস্থাপনা | (১.৫.১) জল মহাল ইজারাকৃত | % | ১.০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ০ | ১০০ | ১০০ |
| | | | (১.৫.২) বালু মহাল ইজারাকৃত | % | ১.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | (১.৫.৩) হাট বাজার ইজারাকৃত | % | ১.০০ | ২১ | ২১ | ২১ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ২০ | ২২ |
| | | (১.৬) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রেরণ | (১.৬.১) অডিট আপত্তির ব্রডশিট জবাব প্রেরিত | % | ১.০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ০ | ১০০ | ১০০ |
| (২) রাজস্ব সংগ্রহ বৃদ্ধি | ২০.০০ | (২.১) ভূমি রাজস্ব আদায় | (২.১.১) ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণের জন্য প্রস্তুতকৃত রিটান-৩ | % | ২.০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ০ | ১০০ | ১০০ |
| | | | (২.১.২) ভূমি উন্নয়ন কর প্রদানযোগ্য হোল্ডিং এর আদায়যোগ্য হোল্ডিং | % | ২.০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ০ | ১০০ | ১০০ |
| | | | ((২.১.৩) আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সাধারণ) | টাকা (কোটি) | ৮.০০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ০ | ১.২ | ১.৩ |
| | | | (২.১.৪) আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সংস্থা) | টাকা (কোটি) | ২.০০ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ০ | ০.৫ | ০.৫ |
| | | | (২.১.৫) আদায়কৃত কর বর্হিভূত রাজস্ব | টাকা (লক্ষ) | ২.০০ | ৪৫ | ৪৫ | ৪৫ | ৪৪ | ৪৩ | ৪২ | ৪১ | ৫০ | ৫৫ |
| | | | (২.১.৬) অর্পিত সম্পত্তির লীজ নবায়ন থেকে আয় | টাকা (লক্ষ) | ২.০০ | ২.৩০ | ২.৩০ | ২.৩০ | ২.২৫ | ২.২০ | ২.১০ | ২.০০ | ২.২০ | ২.২০ |
| (৩) ভূমিহীন পরিবারের সংখ্যা হ্রাস | ৯.০০ | (২.২) রেন্ট সার্টিফিকেট কেস নিস্পত্তি | (২.২.১) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক রেন্ট সার্টিফিকেট কেস নিস্পত্তিকৃত | % | ২.০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ০ | ১০০ | ১০০ |
| | | (৩.১) কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান | (৩.১.১) সনাক্তকৃত ভূমিহীন | সংখ্যা | ১.০০ | - | - | ৪৩ | ৪৮ | ৪৬ | ৪২ | ৩৯ | ৪৮ | ৪৮ |
| | | | (৩.১.২) খাস জমি বন্দোবস্তকৃত | একর | ২.০০ | - | - | ৮.৪৫ | ১০.০০ | ৯.৫০ | ৯.০০ | ১২.০০ | ১২.০০ | ১২.০০ |
| | | | (৩.১.৩) নিস্পত্তিকৃত বন্দোবস্তকৃত মোকদ্দমা | % | ১.০০ | - | - | ১০০% | ৯০% | ৯০% | ৯০% | ১০০% | ১০০% | ১০০% |
| | | | (৩.১.৪) মালিকানা দলিল হস্তান্তরিত | % | ১.০০ | - | - | ৯২% | ৮০% | ৮০% | ৬০% | ১০০% | ১০০% | ১০০% |
| | | (৩.২) গুচ্ছগ্রাম সৃজন | (৩.২.১) গুচ্ছগ্রাম সৃজিত | সংখ্যা | ২.০০ | - | - | | | | | | | |
| | | | (৩.২.২) গুচ্ছগ্রামে ভূমিহীন পুনবার্সিত | সংখ্যা | ২.০০ | - | - | | | | | | | |